

🗏 আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫:৬৩

💵 আরবি মূল আয়াত:

لَو لَا يَنهٰهُمُ الرَّبْنِيُّونَ وَ الاَحبَارُ عَن قَولِهِمُ الاِثْمَ وَ اَكلِهِمُ السُّحت ؟ لَبئسَ مَا كَانُوا يَصنَعُونَ ﴿٢٣﴾

কেন তাদেরকে রব্বানী ও ধর্মবিদগণ তাদের পাপের কথা ও হারাম ভক্ষণ থেকে নিষেধ করে না? তারা যা করছে, নিশ্চয় তা কতইনা মন্দ! — আল-বায়ান

দরবেশ ও পুরোহিতগণ তাদেরকে পাপের কথা বলা হতে এবং হারাম ভক্ষণ থেকে নিষেধ করে না কেন? তারা যা করে তা কতই না নিকৃষ্ট! — তাইসিরুল

তাদেরকে আল্লাহওয়ালা এবং আলিমগণ পাপের বাক্য হতে এবং হারাম মাল ভক্ষণ করা হতে কেন নিষেধ করছেনা? তাদের এ অভ্যাস নিন্দনীয়। — মুজিবুর রহমান

Why do the rabbis and religious scholars not forbid them from saying what is sinful and devouring what is unlawful? How wretched is what they have been practicing. — Sahih International

৬৩. রাব্বানীগণ ও পণ্ডিতগণ(১) কেন তাদেরকে পাপ কথা বলা ও অবৈধ খাওয়া থেকে নিষেধ করে না? এরা যা করছে নিশ্চয়ই তা কতই না নিকৃষ্ট।(২)

- (১) কোন কোন মুফাসসির বলেন, রব্বানী বলে নাসারাদের আলেম সম্প্রদায়, আর আহবার বলে ইয়াহুদীদের আলেমদের উদ্দেশ্য নেয়া হয়েছে। অপর মুফাসসিরগণ মনে করেন, এখানে শুধু ইয়াহুদীদের আলেমদেরকেই বোঝানো হয়েছে। কারণ, এর পূর্বেকার আলোচনা তাদের সম্পর্কেই চলছিল। [ফাতহুল কাদীর] এ ব্যাপারে আরও বিস্তারিত বর্ণনা এ সূরার ৪৪ নং আয়াতের ব্যাখ্যায় এসেছে।
- (২) আয়াতের শেষভাগে বলা হয়েছেঃ "সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ" করার কর্তব্যটি ত্যাগ করে ইয়াহুদীদের এসব মাশায়েখ ও আলেম অত্যন্ত বদভ্যাসে লিপ্ত হয়েছে। জাতিকে ধ্বংসের দিকে এগিয়ে যেতে দেখেও তারা বাধা দিচ্ছে না। লক্ষণীয় যে, পূর্বোক্ত আয়াতে সর্বসাধারণের দুষ্কর্ম বর্ণিত হয়েছিল। তাই এর শেষে (لَبِنُسُ مَا كَانُوا يَعْمَلُون) বলা হয়েছে, কিন্তু এ আয়াতে ইয়াহুদী মাশায়েখ ও আলেমদের ভ্রান্তি প্রকাশ করা হয়েছে। তাই এর শেষে (لَبِنُسُ مَا كَانُوا يَعْمَلُون) বলা হয়েছে। কারণ, আরবী অভিধানের দিক দিয়ে ইচ্ছাকৃত কিংবা অনিচ্ছাকৃত সব কাজকেই عمل । হয়। عمل শেষটি ঐ কাজকে বুঝাবার জন্য ব্যবহৃত হয়, যা



ইচ্ছাকৃতভাবে করা হয় এবং منعت ও নাৰু কাজের বেলায় প্রয়োগ করা হয়, যা ইচ্ছার সাথে সাথে বারবার অভ্যাস ও লক্ষ্য হিসাবে ঠিক করে করা হয়। তাই সর্বসাধারণের কুকর্মের পরিণতির ক্ষেত্রে শুধু مله শব্দ ব্যবহার করে বলা হয়েছে (لَبِسِّسَ مَا كَانُوا يَعْمَلُونَ) আর বিশিষ্ট মাশায়েখ ও আলেমদের ভ্রান্ত কাজের জন্য কাল প্রয়োগে (لَبِسُِسَ مَا كَانُوا يَصَنَعُونَ) বলা হয়েছে। [ফাতহুল কাদীর] আনুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেন, মাশায়েখ ও আলেমদের জন্য করআনে এ আয়াতের চাইতে কঠোর হুশিয়ারী আর কোথাও নাই। তাফসীরবিদ যাহহাক বলেন, আমার মতে মাশায়েখ ও আলেমদের জন্য এ আয়াত সর্বাধিক ভয়াবহ। [তাবারী] এ কারণেই জাতির সামগ্রিক সংশোধনের জন্যে কুরআন ও হাদীসে 'সৎকাজে আদেশ ও অসৎকাজে নিষেধ' এর প্রতি জাের দেয়া হয়েছে। কুরআন এ কর্তব্যটিকে উন্মতে মুহান্মদীর বৈশিষ্ট্য আখ্যা দিয়েছে এবং এর বিরুদ্ধাচরণ করাকে কঠোর পাপ ও শান্তির কারণ বলে সাব্যন্ত করেছে। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কােন জাতির মধ্যে যখন কােন পাপ কাজ করা হয় অথচ কােন লােক তা নিষেধ করে না, তখন তাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে আযাব প্রেরণের সন্ধাবনা প্রবল হয়ে যায়। [মুসনাদে আহমাদঃ ৪/০৬৩]
মালেক ইবন দীনার রাহিমাহুল্লাহ বলেন, আল্লাহ তা'আলা এক জায়গায় ফেরেশতানেরকে নির্দেশ দিলেন যে, অমুক বন্তি ধ্বংস করে দাও। ফেরেশতারা বললেন, এ বন্তিতে আপনার অমুক ইবাদতকারী বান্দাও রয়েছে। নির্দেশ এল, তাকেও আযাবের স্বাদ গ্রহণ করাও– আমার অবাধ্যতা ও পাপাচার দেখেও তার চেহারা কখনও ক্রেধে বিবর্ণ হয়নি। [কুরতুবী, বাহরে মুহীত]

তাফসীরে জাকারিয়া

(৬৩) রাব্বানী (আল্লাহ-ভক্ত)গণ ও পন্ডিতগণ কেন তাদেরকে পাপ-কথা বলতে ও অবৈধ ভক্ষণ করতে নিষেধ করে না? এরা যা করে নিশ্চয় তা নিকৃষ্ট! [1]

[1] এখানে উলামা, মাশায়েখ, আবেদ ও ধর্মভীরু ব্যক্তিদেরকে ভৎর্সনা করা হয়েছে যে, সাধারণ মানুষদের বেশীর ভাগ লোক তোমাদের সামনে পাপাচার, অপকর্ম এবং হারামখোরীতে লিগু; কিন্তু তোমরা তাদেরকে নিষেধ কর না। এই অবস্থায় তোমাদের নীরব দর্শকের ভূমিকা পালন করা খুব বড় অপরাধ। এর দ্বারা পরিষ্কার হয় যে, সৎকাজের আদেশ ও অসৎ কাজে বাধা দান করার কত গুরুত্বপূর্ণ এবং তা পরিত্যাগ করা কত ভয়ানক ও কঠিন শাস্তিযোগ্য। যেমন বহু হাদীসেও এ বিষয়টি বিশদভাবে বর্ণিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=732

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন